

স্মারক নম্বর-০০.৪০.৫০০০.০০৯.১১.০০১.২০১৯- ৭৬ (৫৭)

তারিখঃ ২১ ফাল্গুন, ১৪২৫  
০৬ মার্চ, ২০১৯

### নিয়োগ বিজ্ঞপ্তি

কুষ্টিয়া জেলাধীন বিভিন্ন ইউনিয়ন পরিষদে সচিব এর শূণ্যপদ পূরণ ও ১(এক) বছরের মধ্যে পদ শূণ্য হলে তা পূরণের লক্ষ্যে প্যানেল তৈরির নিমিত্ত নিম্নোক্ত শর্তসাপেক্ষে কুষ্টিয়া জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নির্ধারিত চাকরির আবেদন ফরমে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
১	ইউনিয়ন পরিষদ সচিব	০৬	১০২০০-২৪৬৮০/- ও অন্যান্য ভাতাদি। মোট বেতনভাতার ৭৫% সরকার এবং অবশিষ্ট ২৫% সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের হিস্যা হতে সংগ্রহ সাপেক্ষে একত্রে ১০০% বেতনভাতাদি এ কার্যালয় হতে পরিশোধ যোগ্য।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রি

### শর্তাবলী

- প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও কুষ্টিয়া জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- প্রার্থীর বয়সসীমা ৩০/১০/২০১৮ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে সীমাবদ্ধ হতে হবে। তবে সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত নির্দেশনা মূলে প্রাধিকার প্রাপ্তদের ক্ষেত্রে বয়স সীমা শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- মুক্তিযোদ্ধা / মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা এর ক্ষেত্রে সরকারের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সনদ থাকতে হবে।
- সরকার কর্তৃক ঘোষিত সর্বশেষ নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।
- প্রার্থীকে আবেদন পত্রের সাথে যে কোন তফশিলি ব্যাংক হতে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরৎ যোগ্য) জেলা প্রশাসক, কুষ্টিয়ার অনুকূলে দাখিল করতে হবে।
- চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থীদের নির্বাচনী (লিখিত ও মৌখিক) পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণ করা হবে না।
- কর্তৃপক্ষ প্রয়োজন বোধে সরকারি নির্দেশনার আলোকে কোন শর্ত সংযোজন, বিয়োজন, সংশোধন ও পরিবর্তন করতে পারবেন।
- আবেদনপত্রের সংগে ১০/- (দশ) টাকার ডাক টিকিট সম্বলিত নিজ ঠিকানা লিখিত (যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে চান) খাম জমা দিতে হবে।
- কম্পিউটারে পারদর্শী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
- অনিবার্য কারণ বশতঃ কর্তৃপক্ষ এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- নিয়োগপত্র স্বাক্ষরের তারিখ হতে পরবর্তী ১(এক) বছরের জন্য এই প্যানেল কার্যকর থাকবে।
- কোন রকম সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯ ডিসেম্বর ২০১৪ তারিখের ০৫.১১০.০০০.০০.০০.০৮৯.১৪-০১ নম্বর আ্রকে জারিকৃত চাকরির নির্ধারিত আবেদন ফরমে আহ্বায়ী প্রার্থীদেরকে জেলা প্রশাসক, কুষ্টিয়া বরাবর লিখিত আবেদনপত্রটি আগামী ২৪ মার্চ, ২০১৯ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে জেলা প্রশাসকের কার্যালয় কুষ্টিয়ায় পৌঁছাতে হবে। আবেদন ফরম জেলা তথ্য বাতায়ন (www.kushtia.gov.bd) হতে সংগ্রহ করা যাবে। অসম্পূর্ণ, ত্রুটি পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।
- আবেদন ফরমের সাথে কোনো প্রকার শিক্ষাগত যোগ্যতার সনদ ও অন্যান্য সনদের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করণের প্রয়োজন নেই। তবে লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় আবেদন ফরমে লিখিত তথ্যাদি প্রমাণের জন্য সকল মূল সনদ ও অন্যান্য কাগজপত্রাদি উপস্থাপন করতে হবে। এক্ষেত্রে কোনো তথ্য অসত্য বলে প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



মোঃ আসলাম হোসেন  
জেলা প্রশাসক  
কুষ্টিয়া।

ফোন নং-০৭১-৬২৩০০  
dckushtia@mopa.gov.bd

স্মারক নম্বর-০০.৪০.৫০০০.০০৯.১১.০০১.২০১৯-

৭৬(৬৭)


তারিখ : ২১ ফাল্গুন, ১৪২৫  
০৬ মার্চ, ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

অনুলিপি জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য :

১. জেলা প্রশাসক, ----- (সকল)
২. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুষ্টিয়া।
৪. পুলিশ সুপার, কুষ্টিয়া।
৫. সিভিল সার্জন, কুষ্টিয়া।
৬. উপজেলা নির্বাহী অফিসার, কুষ্টিয়া (সকল)।
৭. মেয়র (সকল) পৌরসভা।
৮. সিনিয়র তথ্য অফিসার, কুষ্টিয়া।
৯. পোস্ট মাস্টার, প্রধান ডাকঘর, কুষ্টিয়া।
১০. স্টেশন মাস্টার, কুষ্টিয়া কোর্ট স্টেশন।
১১. বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ----- ঢাকা/ দৈনিক ----- কুষ্টিয়া। বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায়-----  
-----, ২০১৯ তারিখে স্বল্প পরিসরে ভিতরের পাতায় শুধুমাত্র ১(এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১২. নোটিশ বোর্ড।
১৩. অফিস কপি।



মোঃ আসলাম হোসেন  
জেলা প্রশাসক  
কুষ্টিয়া।

ফোন নং-০৭১-৬২৩০০  
dckushtia@mopa.gov.bd